



নাটোরে ভূয়া প্রশ্নপত্র ফাঁসকারী চক্রের দুই সদস্য গ্রেফতার

প্রকাশিত: ০৬ - ফেব্রুয়ারী, ২০১৯ ১২:০০ এ. এম.

নিজস্ব সংবাদদাতা, নাটোর, ৫ ফেব্রুয়ারি ॥ গুরুদাসপুরে ভূয়া প্রশ্নপত্র ফাঁসকারী চক্রের দুই সদস্যকে গ্রেফতার করেছে র্যাব। সোমবার রাত সাড়ে ১০টার দিকে উপজেলার মশিন্দা এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে র্যাব। গ্রেফতারকৃত আবু তাহের (১৮) উপজেলার মশিন্দা চরপাড়া এলাকার জহুরুল ইসলামের ছেলে এবং শিহাব উদ্দিন (২২) মশিন্দা মাছপাড়া এলাকার সাইতুল ইসলামের ছেলে।

বান্দরবানে ৩১ দোকান ভস্মীভূত

নিজস্ব সংবাদদাতা, বান্দরবান, ৫ ফেব্রুয়ারি ॥ লামা উপজেলায় আগুনে পুড়ে গেছে ৩১টি দোকান। মঙ্গলবার ভোরে উপজেলার রূপসীপাড়া ইউনিয়ন সদর বাজারে এ ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এতে প্রাথমিকভাবে প্রায় দুই কোটি টাকার ক্ষতি হয়েছে বলে জানিয়েছেন ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা।

জানা গেছে, উপজেলা সদর থেকে ৯ কিলোমিটার দূর রূপসীপাড়া ইউনিয়ন সদর বাজারের ব্যবসায়ী আবেদ আলীর ইলেকট্রিক দোকান থেকে মঙ্গলবার রাত ৩টার দিকে হঠাৎ আগুন জ্বলে ওঠে। মুহূর্তের মধ্যে আগুনের লেলিহান শিখা আশপাশে ছড়িয়ে পড়ে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বান্স: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

